

# অকালজাত শিশুর অ্যাপনিয়া বা আকস্মিক শ্বাসরোধ

## Apnoea of Prematurity

### অকালজাত শিশুর অ্যাপনিয়া কি?

#### What is apnoea of prematurity?

অকালজাত শিশুর অ্যাপনিয়া হল অকালজাত শিশুর শ্বাস থামা। অ্যাপনিয়ার ক্ষেত্রে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলোর এক বা একাধিক উপস্থিত থাকতে হবেঃ

১. এটি ১৫ - ২০ সেকেন্ডের বেশিক্ষণ ধরে হয়।
২. এতে শিশুর ত্বকের রঙ নীল, বেগুনী বা ফ্যাকাশে হয়ে পড়ে।
৩. একই সময়ে হৃদস্পন্দনের হার কমে যায়।

### অকালজাত শিশুদের অ্যাপনিয়া কেন হয়?

#### Why do premature babies have apnoea?

৩৪ সপ্তাহের কম গর্ভজাত শিশুদের ক্ষেত্রে অ্যাপনিয়া প্রায়শঃ হতে পারে। এ ধরনের শিশুদের মস্তিষ্কে শ্বাসনিয়ন্ত্রণকেন্দ্র অপরিপক্ব থাকায় সেটি কখনো কখনো শ্বাস-প্রশ্বাসের সংকেত পাঠাতে ভুলে গেলে তবে অ্যাপনিয়া হয়।

### অকালজাত শিশুর অ্যাপনিয়া কি সেরে যায়?

#### Will apnoea of prematurity go away?

আপনার শিশুর বয়োঃবৃদ্ধির সাথে সাথে শ্বাস-প্রশ্বাস অধিক নিয়মিত হবে। শিশুভেদে এর সময়ের তারতম্য হয়। সচরাচর যে সময়ে শিশুটির স্বাভাবিকভাবে জন্মাবার কথা তার পূর্বেই অকালজাত শিশুর অ্যাপনিয়া আরো ভালো বা সম্পূর্ণ সেরে যায়।

### সকল প্রকারের আকস্মিক শ্বাসরোধ কি শিশুর অকালে জন্মের জন্য ঘটে?

#### Is all apnoea due to prematurity?

না। অকালজাত শিশুর অ্যাপনিয়া অকালজাত শিশুর ক্ষেত্রে সর্বাধিক সাধারণ কারণ। আকস্মিক শ্বাসরোধের অন্যান্য কারণের মধ্যে রয়েছে সংক্রমণ, রক্তের সুগার কমে যাওয়া, হৃদপিণ্ডের সমস্যা, খিঁচুনী, দেহের উচ্চ বা নিম্ন তাপমাত্রা, মস্তিষ্কে আঘাত অথবা দেহে অক্সিজেনের স্বল্পতা।

### অকালজাত শিশুর অ্যাপনিয়া কি মস্তিষ্কের ক্ষতি করে?

#### Does apnoea of prematurity cause brain damage?

না। ক্ষণকালীন অক্সিজেনের স্বল্পতা বা ধীর হৃদস্পন্দন মস্তিষ্কের ক্ষতি করে না। একারণেই শিশুদের পর্যবেক্ষণ করা হয়ে থাকে।

# অকালজাত শিশুর অ্যাপনিয়া বা আকস্মিক শ্বাসরোধ

## Apnoea of Prematurity

### আমার শিশুর অ্যাপনিয়া হলে আমি কিভাবে জানবো?

How do I know if my baby has apnoea?

আপনার শিশুর অকালজাত অ্যাপনিয়ার ঝুঁকি থাকলে তার শ্বাস-প্রশ্বাস সর্বদা পর্যবেক্ষণ করা হয়ে থাকে। নির্দিষ্ট কয়েক সেকেন্ড ধরে শিশু শ্বাস-প্রশ্বাস থামিয়ে দিলে একটি বিপদসঙ্কেত বেজে উঠবে।

### বিপদসঙ্কেত বেজে উঠলে কি ঘটে?

What happens if the alarm sounds?

শিশু শ্বাস নিচ্ছে কিনা তা একজন সেবিকা নিরীক্ষণ করবেন। শিশু শ্বাস নেয়া বন্ধ করলে কিংবা শিশুর ত্বকের রঙ পরিবর্তিত হলে অথবা হৃদকম্পন হ্রাস পেতে থাকলে সেবিকা শিশুকে শ্বাস নেবার কথা মনে করিয়ে দেয়ার জন্য শিশুকে উদ্দীপিত করবেন। সেবিকা আপনার শিশুকে অতিরিক্ত অক্সিজেন দিতে পারেন। তারপরও আপনার শিশুর শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক না হলে তাকে একটি বিশেষ মাস্কের সহায়তায় অথবা যান্ত্রিক বায়ুযন্ত্র বা ভেন্টিলেটরের মাধ্যমে শিশুকে কয়েকটি কৃত্রিম শ্বাস দিতে হতে পারে।

শিশুর নড়াচড়ার কারণে ভুল সংকেত হতে পারে। শিশু নিরীক্ষণ করে সেবিকা বলতে পারবেন সেটি ভুল সংকেত কিনা।

### অকালজাত শিশুর অ্যাপনিয়া কিভাবে চিকিৎসা করা হয়?

How is apnoea treated?

নিম্নলিখিত চিকিৎসা পদ্ধতিগুলোর এক বা একাধিক পদ্ধতি প্রয়োগ করে আপনার শিশুর অ্যাপনিয়া চিকিৎসা করা হতে পারেঃ

১. শ্বাস উদ্দীপক ঔষধ। সাধারণতঃ এর চিকিৎসায় ক্যাফেইন ব্যবহার করা হয়।
২. একটানা ধনাত্মক শ্বাসনালীতে প্রেশন (কন্টিনুয়াস পসিটিভ এয়ারওয়ে প্রেশার বা সিপ্যাপ)। এ পদ্ধতিতে আপনার শিশুর নাসিকায় ছোট নালী দ্বারা চাপের মাধ্যমে অক্সিজেন প্রদান করা হয়।
৩. যন্ত্রচালিত বায়ুপরিচলন (কৃত্রিম শ্বাসযন্ত্র)। এটি ব্যবহৃত হয় তীব্র অ্যাপনিয়ার ক্ষেত্রে যখন শিশুর শ্বাস নিতে প্রয়োজনাতিরিক্ত সহায়তার দরকার। এ জাতীয় শ্বাস প্রদান নিয়মিত বিরতিতে দিতে হতে পারে অথবা যদি অকালজাত শিশুর অ্যাপনিয়া পুনরায় সংঘটিত হয়। এজন্য ডাক্তারকে শিশুর ফুসফুসে কৃত্রিম শ্বাসনালী প্রবেশ করার দরকার হয়।

### আমার শিশুকে অ্যাপনিয়া পরিপূর্ণভাবে চলে যাওয়া পর্যন্ত হাসপাতালে থাকতে হবে কি?

Does my baby have to stay in the hospital until the apnoea goes away completely?

কিছু কিছু শিশু অ্যাপনিয়া পূর্ণমুক্তির পূর্বেই বাড়ী যাবার জন্য তৈরী হতে পারে। এ ধরনের শিশুরা বাড়ীতে অ্যাপনিয়ার পর্যবেক্ষণের সুবিধা পেতে পারে। আপনার শিশু বাড়ীতে অ্যাপনিয়া পর্যবেক্ষণ ব্যবস্থা পেতে পারে কিনা তা হাসপাতাল কর্মচারী আপনার সাথে আলাপ করবে।

আপনি যদি অকালজাত শিশুর অ্যাপনিয়া সম্পর্কিত অধিক তথ্য পেতে চান, দয়া করে হাসপাতাল কর্মচারীর সাথে আলোচনা করুন।

# অকালজাত শিশুর অ্যাপনিয়া বা আকস্মিক শ্বাসরোধ

## Apnoea of Prematurity

### দোভাষী সেবা

#### Interpreter Services

ইংরেজী বুঝতে বা বলতে আপনার সহায়তা লাগলে পেশাদার দোভাষীদের সাহায্য নিতে পারেন। আপনার পরিবারের সদস্য বা বন্ধু উপস্থিত থাকতে পারেন, যদিও আপনার শিশুর চিকিৎসা সংক্রান্ত সকল যোগাযোগ পেশাদার দোভাষীর মাধ্যমে হওয়া উচিত। পেশাদার দোভাষীদের সেবা বিনামূল্যে এবং গোপনীয়।

পেশাদার দোভাষীর সেবা চাওয়া আপনার অধিকার যদি আপনাকে সে সেবা দেওয়ার প্রস্তাব না করা হয়। কর্মকর্তা আপনার জন্য পেশাদার দোভাষীকে লিপিবদ্ধ করবেন।

আমাদের সাথে যোগাযোগের ক্ষেত্রে দোভাষী ব্যবহারের প্রয়োজন হলে টেলিফোন ট্রান্সলেটিং ও ইন্টারপ্রিটার সার্ভিস -এর ১৩১ ৪৫০ নম্বরে অনুগ্রহ পূর্বক ফোন করুন।

এই তথ্যের বিষয়ে আপনার যেকোন দৃষ্টিভঙ্গি আলোচনা করতে আমাদের ই-মেইল করুনঃ

ই-মেইলঃ [SESLHD-RHWfeedback@health.nsw.gov.au](mailto:SESLHD-RHWfeedback@health.nsw.gov.au)